

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৮-৬৩৩

তারিখঃ ০৩/০৭/২০১৮ খ্রিঃ
সময়ঃ বিকাল ৬.০০টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন (দ্বিতীয়বার)

পাহাড়খস:

বান্দরবান: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা বান্দরবান জানান যে, টানা বর্ষনের ফলে আজ দুপুর ১২.০০টায় বান্দরবান সদর উপজেলার

কাল্যাঘাটা ৩ নং ওয়ার্ড শিশু সদন এলাকায় পাহাড় খসে একজন লোকজন মারা যায়। ঠিকানা নিম্নরূপ: প্রতিমা রানী দাস (৫০), স্বামী:

মিলনদাস, গ্রাম: কাল্যাঘাটা, শিশু সদন এলাকা, ইউনিয়ন: বান্দর বান সদর উপজেলা: বান্দরবান সদর, জেলা: বান্দরবান এবং দুপুর

১.০০টার সময় লামা উপজেলায় ৫ নং সরই ইউনিয়নে কলাইয়া পাড়ায় পাহাড় খসে একই পরিবারের ৩ জন নিহত হয়। নিহত ব্যক্তিদের নাম

নিম্নরূপ: ১। হানিফ মিয়া (৩০), পিতা: মঈন উদ্দিন, গ্রাম: কলাইয়া পাড়া ইউনিয়ন: ৫ নং সরই ইউনিয়ন উপজেলা: লামা জেলা: বান্দর বান।

২। রিজিয়া বেগম (২২), স্বামী: হানিফ মিয়া, গ্রাম: কলাইয়া পাড়া ইউনিয়ন: ৫ নং সরই ইউনিয়ন উপজেলা: লামা জেলা: বান্দরবান।

৩। হালিমা (২) পিতা: হানিফ মিয়া, গ্রাম: কলাইয়া পাড়া ইউনিয়ন: ৫ নং সরই ইউনিয়ন উপজেলা: লামা জেলা: বান্দরবান।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবার কে ২৫,০০০ টাকা করে আর্থিক

সাহায্য প্রদান করা হয়েছে।

সমুদ্রবন্দরসমূহের জন্য সংকেতঃ সমুদ্রবন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

০৩-০৭-২০১৮ খ্রিঃ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

ফরিদপুর, মাদারিপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি. মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং ঢাকা, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় অস্থায়ী দমকা হাওয়া ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৬	৩২.৪	৩২.৮	৩১.৫	৩৪.৪	৩৩.০	৩৫.৬	৩২.২
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.০	২৫.৪	২৪.৪	২৪.৫	২৫.২	২৫.০	২৪.৩	২৪.৫

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: সর্বোচ্চ তাপমাত্রা যশোর ৩৫.৬° এবং সর্বনিম্ন কুমারখালী ২৪.৩° সেঃ।

এক নজরে নদনদীর পরিস্থিতি-

- সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।

৩/৭/১৮

